

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
হাসপাতাল শাখা
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং: স্বাঃ অধিঃ/হাসঃ বিঃ/ ২০১৮/

তারিখঃ ২৪ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ
০৭ জানুয়ারী, ২০১৮ খ্রিস্টাব্দ

১০ জানুয়ারি বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস। ১৯৭২ সালের এই দিনে স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বদেশ প্রত্যাবর্তনের মধ দিয়ে মুক্ত স্বদেশের দৃষ্ট পথচলা শুরু হয়। এই দিবসটি প্রতি বছর জাতীয় পর্যায়ে গুরুত্বের সাথে প্রতিপালিত।

প্রত্যাবর্তনের দিন ভাষণে বঙ্গবন্ধু বলেন, বাংলার স্বাধীনতা ব্যর্থ হয়ে যাবে যদি দেশের মানুষের জন্য মৌলিক চাহিদা, তথা-খাদ্যবস্তু, বাসস্থান, স্বাস্থ্য ও শিক্ষা নিশ্চিত না করা যায়। তাঁর এই স্বদেশ প্রত্যাবর্তনকে আখ্যায়িত করেছিলেন ‘অন্ধকার হতে আলোর পথে যাত্রা হিসেবে’।

বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের মূলমন্ত্র এবং তাঁর সেই দিনের নির্দেশনাকে অনুধাবন করে, স্বাস্থ্য অধিদপ্তর এই দিনে জনগণের মধ্যে থ্যালাসেমিয়া সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য দেশব্যাপী কার্যক্রম গ্রহণ করেছে। বাংলাদেশে স্বাস্থ্য খাতে অধ্যাবধি ব্যাপক অর্জন রয়েছে। থ্যালাসেমিয়া প্রতিরোধ ও নিয়ন্ত্রণ কর্মসূচীর মত উদ্ভাবনী কার্যক্রম গ্রহণের মাধ্যমে এই অর্জনকে সুসংগত করতে স্বাস্থ্য অধিদপ্তর অঙ্গীকারবদ্ধ।

কর্মসূচীঃ

১. থ্যালাসেমিয়া এবং এর প্রতিরোধ বিষয়ে জনগণের মধ্যে বিশেষ করে তরুণ জনগোষ্ঠীর মধ্যে সচেতনতা সৃষ্টি করা।
২. বিবাহপূর্ব স্ক্রিনিং এর মাধ্যমে থ্যালাসেমিয়া রোগের জন্য ঝুঁকি পূর্ণ দম্পতি নির্ণয় করা।
৩. গর্ভাবস্থায় অন্যান্য প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষার সাথে থ্যালাসেমিয়া স্ক্রিনিং করা।
৪. ঝুঁকিপূর্ণ দম্পতিদের সন্তানগ্রহণের সময় বিনামূল্যে গর্ভস্থ ভ্রূণ পরীক্ষা করা
৫. থ্যালাসেমিয়া রোগীদের জন্য একটি জাতীয় রেজিস্ট্রি প্রণয়ন করা।
৬. থ্যালাসেমিয়া রোগীদের স্বাস্থ্য ব্যবস্থার সকল পর্যায়ে অভিন্ন চিকিৎসা প্রদানের জন্য একটি জাতীয় গাইডলাইন প্রণয়ন করা।
৭. ডাক্তার, নার্স সহ সকল স্বাস্থ্যকর্মীদের থ্যালাসেমিয়া নিকিৎসা ও প্রতিরোধ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা
৮. থ্যালাসেমিয়া রোগীদের পূর্ণাঙ্গ চিকিৎসার জন্য রক্ত, ঔষধ, ফিন্টার, পাম্প সহ সকল চিকিৎসা আনুষঙ্গিক সরবরাহ এবং সহজলভ্য করা
৯. মাধ্যমিক পাঠ্য পুস্তকে থ্যালাসেমিয়া প্রতিরোধের উপায় সম্বলিত তথ্য অন্তর্ভুক্ত করা
১০. থ্যালাসেমিয়া প্রতিরোধে গণমাধ্যমের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে জাতীয়ভাবে প্রচারণা অভিযান পরিচালনা করা

(ডাঃ কাজী জাহাঙ্গীর হোসেন PhD)
পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ) এবং
লাইন ডাইরেক্টর (হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট)
Email: ihsm@ld.dghs.gov.com